

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

ঢাকা, ১০ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/২৩ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১২৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক)-কে বিচারার্থে ও দণ্ডদানার্থে বাংলাদেশে আনয়নের বিষয়ে পর্যালোচনা ও এ সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত টাস্কফোর্স' নিম্নরূপে গঠন করেছে :

(ক) **টাস্কফোর্সের গঠন:**

- | | |
|---|----------|
| (১) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | : সভাপতি |
| (২) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : সদস্য |
| (৩) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : সদস্য |
| (৪) বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল | : সদস্য |
| (৫) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : সদস্য |
| (৬) সচিব, আইন ও বিচার বিভাগ | : সদস্য |

(১৪৯৭৯)

মূল্য : টাকা ৪.০০

- (৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ : সদস্য
 (৮) মহাপুলিশ পরিদর্শক : সদস্য
 (৯) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) : সদস্য
 (১০) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) : সদস্য
- এ টাস্কফোর্সে 'সচিব' বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **টাস্কফোর্স-এর কার্যপরিধি:**

- (১) বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক)-কে বিচারার্থে ও দণ্ডদানার্থে বাংলাদেশে আনয়নের উদ্দেশ্যে তাদের নামের তালিকা প্রণয়ন;
 (২) যথাযথ সূত্র ও পন্থা অবলম্বন করে বিদেশে আসামীদের অবস্থান চিহ্নিতকরণ;
 (৩) সংশ্লিষ্ট দেশ হতে আসামীদেরকে দেশে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ এবং ফেরৎ আনার কার্যক্রম তদারকি;
 (৪) কোনো আসামী ইতোমধ্যে বিদেশে নাগরিকত্ব গ্রহণ করে থাকলে সেক্ষেত্রে তাকে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ ও এ সংক্রান্ত কার্যক্রম তদারকি; ও
 (৫) এতদসংক্রান্ত অন্য সকল কার্যক্রম।
- (গ) উক্ত টাস্কফোর্স-এর কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
- (ঘ) সুরক্ষা সেবা বিভাগ টাস্কফোর্স-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (ঙ) টাস্কফোর্স প্রয়োজনে যে কোনো ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোসাম্মৎ নাসিমা বেগম)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬

e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd